



বাংলাদেশ কম্পিউটার সোসাইটি

BANGLADESH COMPUTER SOCIETY

An organization of Computer Professionals established in 1979
under Registration No. S 1638(53)/95

বিসিএস নির্বাচন-২০২০-এর তফসিল

বাংলাদেশ কম্পিউটার সোসাইটির নির্বাচন-২০২০ নিম্নবর্ণিত তফসিল অনুযায়ী অনুষ্ঠিত হবে -

ক্রম	বিবরণ	তারিখ	সময়	স্থান
০১	মনোনয়নপত্র বিতরণ এবং গ্রহণ	২০-২১ নভেম্বর ২০২০ (শুক্রবার ও শনিবার)	সকাল ১০টা-বিকাল ৫টা	সোসাইটির অফিস
০২	মনোনয়নপত্র বাছাই এবং তালিকা প্রকাশ	২৪ নভেম্বর ২০২০ (মঙ্গলবার)	সন্ধ্যা ৬টা	ঐ
০৩	প্রকাশিত তালিকার উপর আপত্তি গ্রহণ	২৫ নভেম্বর ২০২০ (বুধবার)	সকাল ১০টা-বিকাল ৫টা	ঐ
০৪	প্রকাশিত তালিকার আপত্তির শুনানী	২৬ নভেম্বর ২০২০ (বৃহস্পতিবার)	সকাল ১০টা-বিকাল ৫টা	ঐ
০৫	প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ	২৮ নভেম্বর ২০২০ (শনিবার)	সন্ধ্যা ৬টা	ঐ
০৬	মনোনয়নপত্র প্রত্যাহার	২৯ নভেম্বর ২০২০ (রবিবার)	সকাল ১০টা-বিকাল ৫টা	ঐ
০৭	প্রার্থীর চূড়ান্ত তালিকা প্রকাশ	৩০ নভেম্বর ২০২০ (সোমবার)	সন্ধ্যা ৬টা	ঐ
০৮	ভোট গ্রহণ	১৮ ডিসেম্বর ২০২০ (শুক্রবার)	সকাল ৮টা-বিকাল ৪টা (১২:৩০-২:৩০ বিরতি)	আজিমপুর গার্লস হাইস্কুল এন্ড কলেজ, আজিমপুর-ঢাকা

নির্বাচন সংক্রান্ত সাধারণ নিয়মাবলী:

- ১) নির্বাচনে অংশগ্রহণ এবং ভোটাধিকার প্রদানের জন্য ভোটার তালিকায় নাম থাকতে হবে;
- ২) সম্মানিক ফেলো এবং ছাত্র সদস্যগণ প্রার্থী কিংবা ভোটার হতে পারবেন না;
- ৩) ম্যানেজমেন্ট কমিটি (MC)-এর সভাপতি এবং সহ-সভাপতি পদের জন্য প্রার্থীকে "ফেলো" হিসাবে নূন্যতম ৩ বছর এবং অন্যান্য সকল পদে কমপক্ষে "সদস্য" হিসাবে নূন্যতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
- ৪) ম্যানেজমেন্ট কমিটি (MC) নির্বাচনে "সহযোগী সদস্য" এবং "গ্রাজুয়েট সদস্য" গণ কোন পদে প্রার্থী হতে পারবেন না, তবে ভোট দিতে পারবেন, কিন্তু কাউন্সিল মেম্বার নির্বাচনে "সহযোগী সদস্য" গণ অংশ গ্রহণ করতে পারবেন;
- ৫) কোন সদস্য ম্যানেজমেন্ট কমিটি (MC) -এর কোন একটি পদে ২ টার্ম দায়িত্বে থাকলে তিনি পুনরায় ঐ পদের প্রার্থী হতে পারবেন না;
- ৬) প্রার্থীর আবেদন পত্রে একজন ভোটারের প্রস্তাব ও অপর একজন ভোটারের সমর্থন থাকতে হবে;
- ৭) কোন ভোটার কোন পদের বিপরীতে পদসংখ্যার বেশী প্রস্তাব বা সমর্থন করতে পারবেন না, এরূপ সংঘটিত হলে ঐ ভোটার কর্তৃক স্বাক্ষরিত সকল প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে; অন্যদিকে একক পদের ক্ষেত্রে কোন প্রার্থী অন্যকোন প্রার্থীকে প্রস্তাব বা সমর্থন করতে পারবেন না, করলে তাঁর নিজের প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে;
- ৮) যে কোন প্রার্থী একাধিক পদের মনোনয়ন জমা দিতে পারবেন কিন্তু একাধিক পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না, এরূপ পাওয়া গেলে ঐ প্রার্থীর সকল প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে;
- ৯) ভোটাধিকার প্রয়োগের পূর্বে ভোটারকে সনাক্তকরণের জন্য সোসাইটি কর্তৃক ইস্যুকৃত পরিচয় পত্র অথবা জাতীয় পরিচয়পত্র অথবা পাসপোর্ট অথবা কর্মরত প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত পরিচয় পত্র প্রদর্শন করতে হবে;
- ১০) উপস্থাপিত পরিচয়পত্র এবং ভোটার তালিকায় নামের মধ্যে গড়মিল থাকলে ভোট প্রদান করতে দেয়া হবে না;
- ১১) নির্বাচন কেন্দ্রের বাউন্ডারীর ভিতরে বা বাহিরে ১০০ গজের মধ্যে উচ্চ যান্ত্রিক শব্দ করা যাবে না;
- ১২) নির্বাচন কেন্দ্রের বাউন্ডারীর ভিতরে কোনরূপ ব্যানার টানানো যাবে না বা নির্বাচনী প্রচারণা চালানো যাবে না;
- ১৩) নির্বাচনী প্রচারণায় কোন প্রকার বিভ্রান্তিমূলক বা আক্রমণাত্মক প্রচারণা চালানো যাবে না;
- ১৪) কম্পিউটার ব্যবহার করে ইলেক্ট্রনিক ভোটিং পদ্ধতিতে স্বশরীরে উপস্থিত হয়ে নির্বাচনে অংশ গ্রহণ করতে হবে;
- ১৫) নির্বাচন চলাকালীন সময়ের মধ্যে ভোটাধিকার প্রদান ব্যতীত বিসিএস ম্যানেজমেন্ট কমিটি অথবা প্রার্থীদের কেহ অথবা অননুমোদিত কেহ ভোট কেন্দ্রে অবস্থান করতে পারবেন না;
- ১৬) যে কোন প্রার্থী যে কোন সঠিক ভোটারকে তাঁর নির্বাচনী এজেন্ট হিসেবে নিয়োগের লক্ষ্যে প্রিজাইটিং অফিসারের নিকট নির্বাচন আরম্ভের নূন্যতম ২ ঘন্টা পূর্বে নির্ধারিত ফরমে (২টি ছবিসহ) আবেদন করে উক্ত এজেন্টের আইডি গ্রহণ করতে হবে;
- ১৭) প্রার্থীসহ সকল কাজে নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত ফরমে নির্ধারিত ফিসহ নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে, অর্থাৎ নির্ধারিত ফরম ব্যতীত অন্য কোন কাগজে কোন প্রকার আবেদন করা যাবে না;
- ১৮) নির্বাচন সংক্রান্ত যে কোন বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

স্বাক্ষরিত অধ্যাপক ড. মোঃ সাইফুল ইসলাম প্রধান নির্বাচন কমিশনার	স্বাক্ষরিত অধ্যাপক ড. একেএম ফজলুল হক নির্বাচন কমিশনার	স্বাক্ষরিত মোঃ দেলোয়ার হোসেন নির্বাচন কমিশনার
--	---	--